

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-সহকারী পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
বাগেরহাট।

স্মারক নং- ৫৮.০৩.৪০০১.০০৩.৯৯.০৫৫.১৮-১১৩৭

তারিখঃ ০১/১০/২০২৩ খ্রিঃ

প্রতিঃ সহকারী পরিচালক,
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,
খুলনা।


বিষয়ঃ আসন্ন শারদীয় দুর্গাপূজা কালীন সময়ে গৃহীত কর্মপরিকল্পনা প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৩.৯৯.০৪৪.১৩-১১০৬৪/৮(৭৬) তারিখঃ ১৮/০৯/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সবিনয়ে জানানো যাচ্ছে যে, আসন্ন শারদীয় দুর্গাপূজা এর সময় সম্ভাব্য অগ্নি, সড়ক, নৌ সহ যে কোন দুর্ঘটনা মোকাবেলার জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বাগেরহাট জেলার কর্মপরিকল্পনা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হল।

কর্মপরিকল্পনা সমূহ

১. অত্র জেলার পুজামন্ডপ সমূহে দায়িত্বরতদের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর স্থানীয় পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে অগ্নি প্রতিরোধ ও অগ্নিনির্বাপন বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হবে।
২. পরিদর্শন করে পুজামন্ডপ সমূহের তালিকা ও কমিটির মোবাইল নম্বর সংগ্রহ করে প্রেরণ করা হবে।
৩. স্থানীয় প্রশাসনের চাহিদা মোতাবেক প্রতিটি পুজামন্ডপে গাড়ি/পাম্প/এক্সটিংগুইসারসহ ০১ টি অগ্নি নির্বাপন ইউনিট ও গ্র্যাভুলেন্স গাড়ি নিয়োজিত থাকবে এবং স্থানীয় ভালান্টিয়ারদের সহযোগিতায় পুজামন্ডপ কমিটির উদ্যোগে অগ্নিনির্বাপক যন্ত্রসহ একটি ফায়ার ফাইটিং টিম গঠন করা হবে।
৪. যে সকল ফায়ার স্টেশনে টু-হইলার ওয়াটার মিষ্ট/মটর সাইকেল সচল আছে সে সকল এলাকার পুজামন্ডপে টু-হইলার ওয়াটার মিষ্ট/মটর সাইকেল দিয়ে টহল ডিউটির ব্যবস্থা করা হবে।
৫. প্রতি পুজামন্ডপের ০৫ কেজি ধারণক্ষমতা সম্পন্ন এবিসি ড্রাই কেমিকেল ফায়ার এক্সটিংগুইসার ও অগ্নিনির্বাপক যন্ত্র রাখার জন্য স্থানীয় পুজা কমিটিকে অনুরোধ করা হবে এবং বিষয়টি জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত সভায় উত্থাপন করা হবে।
৬. প্রতি পুজামন্ডপের কমিটি ও স্থানীয় ভালান্টিয়ারদের সাথে ফায়ার স্টেশন কর্তৃপক্ষ সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবে এবং তাদের টেলিফোন নম্বর সংগ্রহে থাকবে।
৭. প্রতি পুজামন্ডপের দৃশ্যমান স্থানে জরুরী প্রয়োজনে ৯৯৯ এবং নিকটবর্তী ফায়ার স্টেশনের নম্বর (বাগেরহাট ফায়ার স্টেশন-০১৯০১০২২৭৬৮, মোংলা- ০১৯০১০২২৭৭২, মোংলা ইপিজেড-০১৯০১০২২৭৭৪, মোড়েলগঞ্জ-০১৯০১০২২৭৭৮, শরণখোলা-০১৯০১০২২৭৮২, মোল্লাহাট- ০১৯০১০২২৭৮৪, ফকিরহাট-০১৯০১০২২৭৮৮, চিতলমারী-০১৯০১০২২৭৯৪, কচুয়া-০১৯০১০২২৭৯২ ও রামপাল- ০১৯০১০২২৭৮৬) লিপিবদ্ধ করার জন্য পরামর্শ দেওয়ার ব্যবস্থা নেওয়া হয়েছে। দুর্ঘটনা-দুর্যোগে করণীয় বিষয়ে লিফলেট বিতরণ করা হবে।
৮. প্রতিটি পুজামন্ডপে আলোকসজ্জার জন্য টানা/ব্যবহারকৃত বৈদ্যুতিক ক্যাবল যাতে এলোমেলো অবস্থায় না থাকে, মানসম্পন্ন বৈদ্যুতিক তার ও ফিটিংস ব্যবহার করা এবং অপরিষ্কৃত ভাবে সাজ-সজ্জার বৈদ্যুতিক তারের জন্য জরুরী মুহুর্তে ফায়ার সার্ভিসের অগ্নিনির্বাপন গাড়ী সহজে যাতায়াত যাতে বাধাগ্রস্ত না হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য পুজা কমিটিকে পরামর্শ দেওয়ার ব্যবস্থা নেওয়া হয়েছে।
৯. অসাধনতাই অগ্নিকান্ডের প্রধান কারণ। তাই প্রতিটি পুজামন্ডপে ধর্মীয় আচারাদির কারণে প্রজ্জ্বলিত মোমবাতি, খোলাবাতি, মুপবাতি সতর্কতার সাথে ব্যবহারের পরামর্শ দেওয়া হবে।
১০. স্থানীয় প্রশাসন ও পুলিশ প্রশাসনের সাথে সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা হবে ও তাদের টেলিফোন/সেল নম্বর সংগ্রহে থাকবে।
১১. যে কোন আপদকালীন পরিস্থিতি মোকাবেলার জন্য জেলা সদরসহ আওতাধীন সকল ফায়ার স্টেশনে একটি Quick Response Team প্রস্তুত থাকবে।
১২. পুজামন্ডপে ডিউটিতে নিয়োজিত কর্মকর্তা- কর্মচারীগণ ফুল পিপিই ও মাস্ক পরিধান করে বিশেষ সতর্কতা অবলম্বন করে ডিউটি পালন করবেন।
১৩. যে কোন প্রয়োজনে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ রক্ষা করা হবে।



মোঃ গোলাম হোসেন
উপ-সহকারী পরিচালক(চঃ দঃ)
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
বাগেরহাট।

বিতরণঃ

- ১) উপ-পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা বিভাগ, খুলনা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২) সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খুলনা মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৩) সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডিফেন্স স্টেশন,।
কর্মপরিকল্পনা অনুযায়ী প্রয়োজীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।